

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৬৮

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل الاول (باب صفةالنار وَأَهْلهَا)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ أَهْوَنَ أَهْلِ النَّارِ عَذَابًا أَبُو طَالِبٍ وَهُوَ مُنْتَعِلٌ بِنَعْلَيْنِ يعْلي مِنْهُمَا دماغه» . رَوَاهُ البُّخَارِيِّ

رواه البخارى (لم اجده) [و مسلم (362 / 212)، (515)] ـ (صَحِيح)

বাংলা

৫৬৬৮-[8] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: জাহান্নামবাসীদের মধ্যে সর্বাপেক্ষা সহজতর শাস্তি হবে আবূ ত্বালিব-এর। তার দুই পায়ে দু'টি আগুনের জুতা পরিয়ে দেয়া হবে। তাতে তার মাথার মগজ ফুটতে থাকবে। (বুখারী)

ফুটনোট

সহীহঃ মুসলিম ৩৬২-(২১২), বুখারী ৬৫৬২, মুসনাদে আহমাদ ২৬৩৬, সহীহুল জামি' ২৫৩২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৬৮৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৪১৩৫, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ৭১১, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মধ্যে স্পষ্ট বলা হয়েছে যে, আবূ ত্বালিবই হলেন জাহান্নামীদের মধ্যে সবচেয়ে সহজ 'আযাব ভোগকারী হবে। তবে গুনাহগার মুমিনদের 'আযাবের কথা বলা হয়নি অত্র হাদীসে। (মিরক্বাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন